

মৃত্যু-উপত্যকা  
হিন্দোল ভট্টাচার্য

১.

নিহত মুখের দিকে  
নিহত দু'চোখ ঝুঁকে থাকে

আমার ভূমিকা শুধু লাশবহন, চোরা কোনও পথে

আমার ভূমিকা শুধু  
রাগে ফেটে পড়া

তারপর একাকী রাস্তা,- ঝোপঝাড়,  
কোনও এক ফাঁকে

নিজেরই লাশের পিঠে  
নিজেকে বহন

মাটিরও নিঃশ্বাস পড়ে, থেমে যায়,-  
যখন তখন!

২.

আমার আজান, শাঁখ, শব্দ  
শুধু অক্ষর আমার

তবু আমি একা হতে পারি

ক্ষতের ভিতরে আজ যে মানচিত্র, তার পাশে  
এখন সবার হাত

এখন সবার হাত  
আগুনে পোড়ানো

৩.

রক্তপতনের শব্দ হয়

থেকে থেকে চমকে ওঠে শস্য আর আলপথ  
আমার অশ্রুর নোনা জল আমি হাওয়ায় ভাসাই  
মাথায় অসুখ চাপে  
মাথা থেকে ছিটকে পড়ে যাই

ঘুমিয়ে পড়েছে সব চোখ...

আমার দেওয়ালমাত্র আছে, আমি তার দিকে বর্শা ভেবে ছুঁড়েছি কলাম,-  
যদি মাটি ফুঁড়ে উঠে আসে সব রক্তমাথা শোক!